# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 20.05.2024 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) পঞ্চম দফায় দেশের ৪৯-টি আসনের সঙ্গে এরাজ্যের ৭-টি আসনেও ভোটগ্রহণ শুরু হয়েছে। বুথের নিরাপত্তায় মোতায়েন রয়েছে ৬১৩ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী।

২) রাজ্যজুড়ে চলছে জমজমাট নির্বাচনী প্রচার।
প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ফের রাজ্যে আসছেন।
তৃণমূল কংগ্রেসের শীর্ষ নেতৃত্বও প্রচারে অংশ নিচ্ছেন।

৩) ঘূর্ণাবর্তের প্রভাবে দক্ষিণবঙ্গের সব জেলাতেই বজ্রবিদ্যুৎ সহ ঝড়-বৃষ্টির পূর্বাভাষ।

৪) গুয়াহাটির বর্ষাপাড়া স্টেডিয়ামে কলকাতা নাইট রাইডার্স ও রাজস্থান রয়্যালসের মধ্যে খেলাটি গতকাল বৃষ্টির কারনে বাতিল হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা নির্বাচনের পঞ্চম দফায় আজ দেশের ৪৯টি আসনের সঙ্গে রাজ্যের ৭ টি আসনেও ভোট গ্রহণ করা হচ্ছে। রাজ্যের সাতটি আসন বনগাঁ, ব্যারাকপুর, হাওড়া, উলুবেড়িয়া, হুগলী, শ্রীরামপুর ও আরামবাগে ভোটগ্রহণ শুরু হয়েছে সকাল ৭টায়। চলবে সন্ধ্যা ৬ টা পর্যন্ত। এই পর্বে মোট প্রার্থী রয়েছেন ৮৮ জন। এর মধ্যে ১৪ জন মহিলা।

১ কোটি ২৫ লক্ষেরও বেশি ভোটদাতা আজ তাঁদের ভোটাধিকার প্রয়োগ করছেন। এই দফায় ভোটে বুথ রয়েছে ১৩ হাজার ৪৮১টি। এর মধ্যে ৭ হাজার ৭১১টি বুথ ক্রিটিক্যাল বা সংকটপ্রবণ। মহিলা পরিচালিত বুথের সংখ্যা ১ হাজার ৪৬০। মডেল বুথের সংখ্যা ৯৩। ১-শো শতাংশ বুথেই থাকছে ওয়েবকাস্টিং-এর ব্যবস্থা।

অবাধ ও সুষ্ঠু নির্বাচন সুনিশ্চিত করতে ৬৫০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রয়েছে। বুথের নিরাপত্তায় আছে ৬১৩ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। মোতায়েন রয়েছে ২৫ হাজারের বেশি রাজ্য পুলিশ। থাকবে ৫৬৭টি কুইক রেসপন্স টিম - Q R T

ব্যরাকপুর কেন্দ্রে আছেন আমাদের জেলা সংবাদদাতা, চলে যাচ্ছি তাঁর কাছে –

(ভয়েসকাস্ট – পল্লব)

হাওড়া জেলার হাওড়া ও উলুবেড়িয়া – এই দুই আসনে আজ ভোটগ্রহণ চলেছে। আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন –

(ভয়েকাস্ট – সর্বানী)

হাওড়ার সালকিয়ায় গতরাতে সিপিআইএম-এর এরিয়া কমিটির অফিস ভাঙচুরের অভিযোগ উঠেছে শাসক দল আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে।

শ্রীরামপুর ও আরামবাগ আসনেও আজ ভোটগ্রহণকে কেন্দ্র করে উৎসাহ উদ্দীপনা লক্ষ্য করা যাচ্ছে।

ভোটগ্রহণের মধ্যেই হুগলীর খানাকুল আজ উত্তপ্ত হয়ে উঠেছে। রাজাহাটি ১ নম্বর অঞ্চলের বিজেপি উপ-প্রধানের মাথা ফাটিয়ে দেবার অভিযোগ উঠেছে শাসক দলের বিরুদ্ধে।

oooooooooooooooo

আজ রাজ্যের সাতটি আসনের ভোট পর্ব নিয়ে শুনবেন সংবাদ বিভাগের বিশেষ আলোচনা ---"জনমত --২০২৪, পঞ্চম দফার ভোট "। এতে অংশ নিয়েছেন দুই সাংবাদিক অমল সরকার ও জয়ন্ত বসু।

সঞ্চালনায় শঙ্কর মুখোপাধ্যায়।

অনুষ্ঠানটি শোনা যাবে রাত ৮টা ৫মিনিট থেকে গীতাঞ্জলি এবং ১০৭ মেগাহার্টস প্রচার তরঙ্গে। সোশ্যাল মিডিয়াতেও সরাসরি শোনা যাবে এই অনুষ্ঠান।

**পঞ্চম দফাতেও কয়েকটি বুলেটিনের সময়সীমা বাড়ছে। আজ দুপুর ১-টা ৪০-এর স্থানীয় সংবাদ ও বিকেল ৫-টা ১০-এর খবর হবে ১০ মিনিটের এবং সন্ধে ৭-টা ৫০-এর স্থানীয় সংবাদ হবে ১৫ মিনিটের।**

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের বাকি দফার নির্বাচনগুলির জন্য চলছে জোরদার প্রচার। শীর্ষ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ফের নির্বাচনী প্রচারে রাজ্যে আসছেন।

আজ তমলুকে দলীয় প্রার্থীর সমর্থনে একটি নির্বাচনী জনসভায় প্রধানমন্ত্রী যোগ দেবেন। সেখান থেকে যাবেন ঝাড়গ্রাম। দলীয় প্রার্থীর সমর্থনে সেখানে একটি জনসভায় ভাষণ দেবেন তিনি।

ভোটব্যাঙ্ককে সন্তুষ্ট করার জন্য মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি রামকৃষ্ণ মিশন, ভারত সেবাশ্রম সংঘ এবং ইসকনের মতো আন্তর্জাতিক পরিচিতির ধর্মীয় ও সেবা প্রতিষ্ঠানের সন্ন্যাসীদের আক্রমণ করছেন বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তীব্র ক্ষোভ ব্যক্ত করেছেন। পুরুলিয়া, বাঁকুড়া ও খড়গপুরে আয়োজিত জনসভায় গতকাল এই ইস্যুতে মুখ্যমন্ত্রীর কড়া সমালোচনা করে প্রধানমন্ত্রী বলেন, ভোটের স্বার্থে সমস্ত সীমা পার করেছেন মমতা ব্যানার্জি।

রাজ্যের শিক্ষক নিয়োগ দুর্নীতি ও সন্দেশখালি প্রসঙ্গও উঠে আসে প্রধানমন্ত্রীর বক্তব্যে।

বিজেপি নেতা অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা বাঁকুড়ার, বিষ্ণুপুর ও কলকাতার যাদবপুর লোকসভা কেন্দ্রে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করবেন। বিকেলে দক্ষিণ কলকাতায় রোড শো ও সন্ধ্যায় উত্তর কলকাতায় তাঁর জনসভা করার কথা।

উল্লেখ্য, এর আগে হুগলীর গোঘাটের জনসভায় মুখ্যমন্ত্রী – এই তিনটি প্রতিষ্ঠানের নাম করে, তাদের কয়েকজন সদস্য রাজনীতি করছেন বলে অভিযোগ করেছিলেন।

গতকাল পুরুলিয়া ও বাঁকুড়ায় দলীয় প্রার্থীদের সমর্থনে পদযাত্রা করেন তৃনমূল কংগ্রেস প্রধান । আজ মেদিনীপুর শহরে পদযাত্রায় অংশ নেবেন তিনি।

অন্যদিকে, ঝাড়গ্রাম ও কেশপুরে জনসভায় বিজেপিকে তীব্র আক্রমণ করেন দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জি । গত ১০ বছরে বিজেপি কি কাজ করেছে তার রিপোর্ট কার্ড প্রকাশ করতে তিনি বারবার বললেও বিজেপি সেই চ্যালেঞ্জ গ্রহণ করার সাহস দেখাতে পারেনি বলে অভিষেক মন্তব্য করেন। দেশপ্রেমের পাঠ বিজেপি-র থেকে নিতে তাঁরা রাজি নন বলেও মন্তব্য করেন অভিষেক।

ঝাড়গ্রামের সভা মঞ্চে বিজেপির বিদায়ী সাংসদ কুনার হেমব্রম তৃনমূল কংগ্রেসে যোগ দিয়েছেন।

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রীর রাজনৈতিক কর্মসূচীতে যোগ দিতে গিয়ে অসুস্থ হয়ে দুই বৃদ্ধের মৃত্যু হয়েছে। গতকাল পুরুলিয়া শহরে মুখ্যমন্ত্রীর পদযাত্রায় যোগ দিয়ে বাড়ি ফেরার পথে অসুস্থ হয়ে পড়েন মফসল থানার পাথর বাঁধ গ্রামের বাসিন্দা জারমণি সহিস। বছর ৭৫-এর ওই বৃদ্ধাকে পুরুলিয়া মেডিকেল কলেজে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন।

অন্যদিকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জনসভা থেকে ফিরে অসুস্থ বোধ করায় পুরুলিয়া শহরের ভাগাবাঁধ এলাকার বাসিন্দা বছর ৬৫-র মিহির বাউরিকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে তাঁকে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসকরা।

oooooooooooooooooooo

খড়্গপুর শহরের উপকণ্ঠে ৬নং জাতীয় সড়কের পাশে সাহাচক এলাকার একটি বেসরকারী লজে গতকাল গভীর রাতে অভিযান চালিয়ে বিজেপি নেতাদের কাছ থেকে বেশ কয়েক লক্ষ টাকা উদ্ধার করেছে জেলা পুলিশ।
জানা গেছে, ত্রিশ লক্ষ টাকা উদ্ধার হয়েছে।

oooooooooooooooo

উত্তর ২৪ পরগনার স্বরূপনগরে বিজেপি প্রার্থী শান্তনু ঠাকুরের গাড়ি আটকে বিক্ষোভ দেখানোর অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের কর্মী সমর্থকদের বিরুদ্ধে। গতরাতে বালতি এলাকায় দলীয় কর্মী সমর্থকদের সঙ্গে শান্তনুবাবু দেখা করতে গেলে সেসময় তৃণমূল কংগ্রেসের কর্মী সমর্থকরা গাড়ির সামনে বিক্ষোভ দেখায়। যদিও তৃণমূল কংগ্রেসের দাবি এই ঘটনায় দলের কেউ যুক্ত নয়।

এদিকে বরানগর বাজারে বিজেপি প্রার্থী সজল ঘোষের প্রচার কর্মসূচীকে কেন্দ্র করে গতকাল ধুন্ধুমার পরিস্থিতি সৃষ্টি হয়। প্রাক্তন বিধায়ক তাপস রায়, মঞ্চে ভাষণ দিতে উঠলে একদল তৃণমূল কংগ্রেস কর্মী গো-ব্যাক শ্লোগান দেয়। পাল্টা জবাব দেয় বিজেপি কর্মীরাও। শুরু হয় হাতাহাতি । বিরাট পুলিশ বাহিনী ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। বিজেপি-র অভিযোগ মহিলা কর্মীদের হেনস্থা করেছে শাসক দলের দুষ্কৃতিরা। যদিও তৃণমূল কংগ্রেস অভিযোগ অস্বীকার করেছে।

দক্ষিণ ২৪ পরগনার মথুরাপুর লোকসভা কেন্দ্রে বিজেপি-র পথ সভা চলাকালীন হামলার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। নামখানার বালিআড়া বাজারে গত সন্ধ্যায় এই ঘটনায় অন্তত ৫ জন বিজেপি কর্মী জখম হয়েছেন। ভাঙচুর করা হয় মঞ্চ ও চেয়ার টেবিল। তৃণমূল কংগ্রেস অবশ্য অভিযোগ অস্বীকার করেছেন।

oooooooooooooooooo

রাজ্যে প্রশাসনের ব্যর্থতা নিয়ে বিজেপি একটি প্রতিবেদন প্রকাশ করেছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের জাতীয় কার্যনির্বাহী কমিটির সদস্য, প্রাক্তন সাংসদ বিনয় সহস্রবুদ্ধে এই প্রতিবেদন প্রকাশ করে বলেন, বিভিন্ন রাজ্যের

প্রশাসনিক পরিস্থিতি নিয়ে গবেষণার জন্য পাবলিক পলিসি রিসার্চ সেন্টার গঠন করা হয়েছে। এই গবেষণা কেন্দ্রের অধিকর্তা শ্রী সহস্রবুদ্ধে বলেন, ২০১১ সালে রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকার ক্ষমতায় এসে মা,মাটি,মানুষের স্লোগান দিলেও তারা মায়ের সঙ্গে বিশ্বাসঘাতকতা, মাটি বিক্রি এবং মানুষের সঙ্গে প্রতারণা করেছে। রাজনৈতিক হিংসা এবং দুর্নীতি এখন চরমে পৌঁছেছে। শিক্ষা ক্ষেত্রে মাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা কমে যাচ্ছে। গত ১১বছরে রাজ্যে প্রায় ৭হাজার প্রাথমিক বিদ্যালয় বন্ধ হয়ে গেছে। স্বাস্থ্য ক্ষেত্রে উদ্বেগজনক পরিকাঠামো সত্ত্বেও রাজ্য সরকার আয়ুষ্মান ভারত প্রকল্প চালু হতে দেয়নি। তৃণমূল কংগ্রেস ক্ষমতায় আসার পর রাজ্যে সরকারি ঋণের পরিমাণ ছিল ১ লক্ষ ৮৭ হাজার কোটি টাকা। ২০২৩-২৪ সালে সেই ঋনের পরিমাণ ২৩৬ দশমিক ৬/২শতাংশেরও বেশি বৃদ্ধি পেয়েছে। সারাদেশে দারিদ্র্যের হার ৫ শতাংশের কম। সেখানে পশ্চিমবঙ্গে দারিদ্র্যের হার ২০ শতাংশের বেশি।

oooooooooooooooooo

পূর্ব বর্ধমানের মেমারিতে ৯ বছরের শিশু কন্যার ওপর যৌন নির্যাতন চালানোর অভিযোগে পুলিশ এক যুবককে গ্রেফতার করেছে। রাজু ধাড়া নামে ওই যুবক গত শনিবার রাতে ঘুমন্ত শিশুটিকে মা-বাবার কাছ থেকে তুলে নিয়ে গিয়ে ধর্ষণের চেষ্টা করে বলে অভিযোগ। মেমারি থানায় অপহরণ, ধর্ষণের চেষ্টা ও পকসো আইনে মামলা রুজু করা হয়। ধৃত রাজু ধাড়া জাবুই-এর হরগৌরিতলা মাঝের পাড়া এলাকার বাসিন্দা। আজ তাঁকে পকসো আদালতে তোলা হবে।

oooooooooooooooooo

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর একটি ঘূর্ণাবর্ত সৃষ্টি হওয়ায় বঙ্গোপোসাগর থেকে প্রচুর জলীয় বাষ্প বাতাসে প্রবেশ করছে। এর প্রভাবে আগামী বুধবার পর্যন্ত দক্ষিণবঙ্গের সব জেলায় বজ্রবিদ্যুৎ সহ ঝড়-বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর।

আজ কমলা সতর্কতা জারি করা হয়েছে – দুই ২৪ পরগনা, পূর্ব বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ ও নদীয়া জেলার জন্য। ঘণ্টায় ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা।

উত্তরবঙ্গের ওপরের পাঁচ জেলায় ভারী বৃষ্টি হবে। আবহাওয়া দফতরের আঞ্চলিক প্রধান সোমনাথ দত্ত গতকাল জানিয়েছেন –

(বাইট – সোমনাথ)

০০০০০০০০০০০০০০০০০০০

গুয়াহাটির বর্ষাপাড়া ষ্টেডিয়ামে গতরাতে কলকাতা নাইট রাইডার্স ও রাজস্থান রয়ালসের মধ্যে খেলাটি বৃষ্টিতে বাতিল হয়ে যায়।

কলকাতা নাইট রাইডার্স আগামীকাল আমেদাবাদের নরেন্দ্র মোদি ষ্টেডিয়ামে আইপিএলের প্রথম কোয়ালিফাযার ম্যাচে সানরাইজার্স হায়দ্রাবাদের বিরূদ্ধে খেলবে। বুধবার এলিমিনেটর ম্যাচে আমেদাবাদে রাজস্থান রয়্যালস, রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর মুখোমুখি হবে।

০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০